

স্মারক নং- ১২.০২.০০০.০২৩.১৬.০০৩.১২- ৮৭

তারিখ: ২২-০২-২০১৫ খ্রি:

বিষয়: হিমাগারে আলু সংরক্ষণকালীন সময়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে উৎপাদন ও বাণিজ্যিক দৃষ্টিকোন থেকে আলু বাংলাদেশের অন্যতম প্রধান সবজি ও গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। দেশে আলুর উৎপাদন এলাকা, পরিমাণ ও এর বহুবৈচিত্র ব্যবহার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বিগত গত ১০ বৎসরে আলুর উৎপাদন দ্রিগনেরও বেশি বৃদ্ধি পেয়ে বর্তমানে যার পরিমাণ দাঢ়িয়েছে প্রায় ৮০/৯০ লক্ষ মেঝে টন। বর্তমানে দেশে আলু সংরক্ষণের জন্য প্রায় ২৫৭২৫৬৬ মেঝে টন ধারণক্ষমতা সম্পন্ন বিভিন্ন আকারের ৩৭৩টি হিমাগার রয়েছে। দেশে উৎপাদিত আলুর শতকরা ২৫-৩০ ভাগ হিমাগারে সংরক্ষণ করা হয়ে থাকে যার মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ বীজ আলু হিসেবে সংরক্ষণ করা হয় এবং যা পরবর্তী মৌসুমের উৎপাদনের জন্য অপরিহার্য। ফলে আলুর সুস্থি সংরক্ষণ ও গুণগতমান অক্ষুণ্ন রাখার জন্য হিমাগারসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কোন বিকল্প নেই। বিদ্যুতের অভাবে হিমাগারে সুস্থিতাবে আলু সংরক্ষণ বিঘ্নিত হলে গুণগতমান তার সামগ্রিক নেতৃত্বাচক প্রভাব উৎপাদনের সকল ধাপেই পড়ে।

আগামী মধ্য মার্চ হতে দেশের প্রায় সকল হিমাগারে একযোগে আলু সংগ্রহ ও সংরক্ষণ কার্যক্রম শুরু হতে যাচ্ছে এবং তা বৎসরের প্রায় শেষ মাস পর্যন্ত চলবে। সংরক্ষিত আলুর গুণগতমান অক্ষুণ্ন থাকার উপর অনেকাংশেই নির্ভরকরে কৃষকের ন্যায্য মূল্য প্রাপ্তি, পরবর্তী বৎসরের উৎপাদন, আলুর বহুবৈচিত্র ব্যবহার প্রভৃতি। ফলে হিমাগারসমূহে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখা একান্ত প্রয়োজন। এটি অনন্ধিকার্য যে বিদ্যুৎ বিভাগ ধারাবাহিকভাবে প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত হিমাগারসমূহে বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রেখেছে। সেই লক্ষ্যে সকল হিমাগারসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের নিমিত্ত বিদ্যুৎ বিভাগের সুদৃষ্টি একান্ত প্রয়োজন।

বর্ণিতাবস্থায় হিমাগারসমূহে কৃষক ও ব্যবসায়ীদের আলু সংরক্ষণকালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলার বিদ্যুৎ অফিসসমূহকে মৌসুম শুরুর পূর্বেই হিমাগারসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের দিক নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম সচিব

ও

পরিচালক

ফোন: ৯১১৪৩১০

E-mail: director@dam.gov.bd

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান, পল্লী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সভাপতি, বাংলাদেশ কোল্ড ষ্টোরেজ এসোসিয়েশন, ৩৮ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।